ভোরের কাগজ

FEB. 13 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

মুক্তাঙ্গনে ছাত্রলীগের প্রতিবাদ সমাবেশ

# পাঠ্যপুস্তকে ইতিহাস বিকৃতির প্রতিবাদে আজ শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতির প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ আহূত ৪ দিনব্যাপী ধারাবাহিক আন্দোলনের শেষ দিনে আজ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালন করা হবে। হরতালের সমর্থনে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মিছিল-সমাবেশ অনুষ্ঠিত হয়।

এদিকে আন্দোলন কর্মসূচির তৃতীয় দিনে গতকাল ছাত্রলীগ মুক্তাঙ্গনে প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

ছাত্রলীগ মহানগর (উ.) সভাপতি এম সাইফুল্লাহ সাইফুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, বহু ত্যাগ-তিতীক্ষার বিনিময়ে এবং রক্তক্ষয়ী যুদ্ধের মধ্য দিয়ে বাঙালি জাতি বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছে। অথচ আজ পাঠ্যপুস্তকে ইতিহাস বিকৃতি করে এ জাতিকে অন্ধ গহ্বরে নিয়ে যাওয়ার অপচেষ্টা চালানো হচ্ছে। নেতৃবৃন্দ বলেন, যেকোনো মূল্যে ইতিহাস বিকৃতি প্রতিহত করা হবে। বিকৃত ইতিহাস ভবিষ্যৎ প্রজন্মকে পড়তে দেওয়া হবে না।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অজয় কর ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৭

## পাঠ্যপুস্তকে ইতিহাস

● শেষের পাতার পর

খোকন, আবদুল মতিন, সুজিত রায় নন্দী, বলরাম পোদ্দার, আশরাফুল আজিম রুবন, নজরুল ইসলাম বাবু, গোলাম সারোয়ার মামুন, মিরাজ হোসেন প্রমুখ।

এদিকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আহূত আজকের ধর্মঘটের সমর্থনে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল-সমাবেশ করেছে।

ঢা.বি. ছাত্রলীগ সভাপতি বেপ শাহীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, সঠিক ইতিহাসকে কখনই মিথ্যার আড়ালে ঢেকে রাখা যাবে না।